# এইচএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

**ভূগোল: দ্বিতীয় পত্র**

বিষয় কোড : | ১ | ২ | ৬ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৪০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও।]*

**১.▶** গণি মিয়া তার জমিতে বিভিন্ন ফসল ফলান। বিগত বছরের চেয়ে এ বছর ফসল উৎপাদন কম হওয়ায়- সে স্থানীয় কৃষি অফিসারের নিকট গেল।

ক. প্রগাঢ় কৃষি বলতে কি বুঝ? ১

খ. বাংলাদেশের প্রধান অর্থকরী ফসলসমূহ কি কি? ২

গ. গণি মিয়ার ফসল উৎপাদন ব্যবস্থা ঋতু বৈচিত্রের সাথে সামঞ্জস্যপূর্ণ ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লেখিত জমিতে ফসল উৎপাদন কমে যাওয়ার কারণ বিশ্লেষণ কর। ৪

**২.▶** সুমন তার বাবার সাথে টেলিভিশন দেখে সংবাদের মধ্যে জানতে পারে বাংলাদেশে প্রচুর তেল, গ্যাস ও কয়লা থাকা সত্ত্বেও মূলধন ও প্রযুক্তির অভাবে তার অর্থনৈতিক উন্নয়নে অবদান রাখতে পারছে না।

ক. ওপেক কী? ১

খ. খনিজ তেলের উপজাত সামগ্রী কী? ২

গ. উদ্দীপকে উল্লেখিত খনিজ সম্পদের গুরুত্ব আলোচনা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লেখিত খনিজ সম্পদ সংরক্ষণের উপায় ব্যাখ্যা কর। ৪

**৩.▶** নদী ভাঙ্গানের ফলে সখিনা বরিশাল থেকে কাজের সন্ধানে ঢাকা আসলেন। তিনি একটি কারখানায় কাজ নেন। সেখানে অধিকাংশ নারী শ্রমিক হওয়ায় সে বেশ খুশি। এ শিল্পটি বিলিয়ন ডলার শিল্প নামে পরিচিত।

ক. শিল্পের স্থানীয়করণ বলতে কী বুঝ? ১

খ. পোশাক শিল্প গড়ে ওঠার কারণ উল্লেখ কর। ২

গ. সখিনার কর্মরত শিল্পের গুরুত্ব আলোচনা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লেখিত এ শিল্পে নারী শ্রমিকের ভূমিকা উল্লেখ কর। ৪

http://teachingbd.com

৪.▶




ক. A, B, D, E দ্বারা কোন কোন বিভাগ দেখানো হয়েছে? ১

খ. A ও B বিভাগের গুরুত্বপূর্ণ রপ্তানি শস্যের বিবরণ দাও। ২

গ. C বিভাগ কেন বাংলাদেশে গুরুত্ব বহন করে বর্ণনা কর। ৩

ঘ. E ও D বিভাগে বাংলাদেশের কোন কোন গুরুত্বপূর্ণ স্থান গড়ে উঠেছে এর বিবরণ দাও। ৪

৫.▶ দেশ বিভাগের ফলে বাংলাদেশে কর্মসংস্থানের অভাব হয়। অনেক লোক বেকার হয়ে শহরে গেল। কর্মসংস্থান না হওয়ায় আবার গ্রামে ফিরে এলো।

ক. অভিগমনের সংজ্ঞা দাও। ১

খ. অভিগমন কত প্রকার উল্লেখ কর। ২

গ. আন্তর্জাতিক অভিগমনের সংক্ষিপ্ত বিবরণ দাও। ৩

ঘ. উদ্দীপকের উল্লেখিত বাংলাদেশের অভিগমনের পরিস্থিতি ব্যাখ্যা কর। ৪

৬.▶ এনামুল সাহেব ঈদ এর ছুটিতে ট্রেনে দেশের বাড়ী যাচ্ছিলেন। ছোট ছেলে বাবাকে প্রশ্ন করলে বাবা রেল লাইনের পাশে সারি সারি এত ঘর কেন আবার লোকসংখ্যাও বেশি। আমাদের গ্রামের বাড়ীর ঘরগুলো ফাঁকা ফাঁকা আর লোকসংখ্যাও কম।

ক. বসতির সংজ্ঞা দাও। ১

খ. গ্রামীণ বসতির বৈশিষ্ট্য আলোচনা কর। ২

গ. এনামুল সাহেবের ছেলের প্রশ্নে কোন প্রকার বসতির চিত্র ফুটে উঠেছে? ৩

ঘ. গ্রামীণ ও শহুরে বসতির বৈশিষ্ট্যের পার্থক্যগুলো উল্লেখ কর। ৪

Teachingbd.com

http://teachingbd.com

ভূগোল: দ্বিতীয় পত্র বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩৫ মিনিট পূর্ণমান — ৩৫ বিষয় কোড : ১ ২ ৬

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. পৃথিবীর বিভিন্ন অঞ্চলের মানুষের আচার-আচরণ, আকৃতি, খাদ্য, বাসস্থান ইত্যাদির ভিন্নতা দেখা যায়। এসব ভূগোলের যে শাখায় আলোচনা করা হয় তা হলো—
ক জনসংখ্যা ভূগোল খ মানব ভূগোল
গ শিল্প ভূগোল ঘ গাণিতিক ভূগোল

২. এশিয়া ও ইউরোপকে একত্রে কী বলে?
ক ইউরোশিয়া খ মেলানেশিয়া
গ মাইক্রোনেশিয়া ঘ পলিনেশিয়া

৩. পৃথিবীর বৃহত্তম ও ক্ষুদ্রতম মহাদেশ কোনটি?
ক আফ্রিকা ও ওশেনিয়া
খ এশিয়া ও দক্ষিণ আমেরিকা
গ এশিয়া ও ওশেনিয়া
ঘ ইউরোপ ও ওশেনিয়া

৪. রাজশাহী বিভাগের অন্তর্গত জেলা হলো—
i. বগুড়া ও জয়পুরহাট
ii. গাইবান্ধা ও কুড়িগ্রাম
iii. পাবনা ও সিরাজগঞ্জ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও:**
রাজিব উচ্চশিক্ষার জন্য কানাডায় গেলে সে দেশের অধিবাসীদের আচার-আচরণ, রীতিনীতি, অর্থনীতি, রাজনীতির সাথে বাংলাদেশের মানুষের বেশ পার্থক্য রয়েছে বলে মনে হলো—

৫. নিচের কোন বিষয়টি রাজিবের পর্যবেক্ষণে এসেছে—
ক পরিবেশের জড় উপাদান
খ প্রাকৃতিক পরিবেশ
গ মানবীয় পরিবেশ
ঘ প্রাকৃতিক ভূগোলের পরিবেশ

৬. উদ্দীপকটি বিশ্লেষণ করলে বোধগম্য হয়—
ক কানাডার মানুষের বৈশিষ্ট্য
খ অঞ্চলভেদে মানুষের বৈশিষ্ট্য স্বতন্ত্র
গ অঞ্চলভেদে মানুষের বৈশিষ্ট্য বৈচিত্র্যময়
ঘ বাংলাদেশের মানুষের বৈশিষ্ট্য স্বতন্ত্র

৭. অশোধিত জন্মহারের সংক্ষিপ্ত রূপ কোনটি?
ক CDR খ CBR
গ CRR ঘ CRB

৮. বাংলাদেশে মাঝারি জন অধ্যুষিত অঞ্চলে জনসংখ্যার ঘনত্ব-প্রতিবর্গ কিলোমিটারে কতজন?
ক ৫০০-১০০০ জন খ ১০০০-১৫০০ জন
গ ১৫০০-২০০০ জন ঘ ২০০০-৪০০০ জন

৯. নিচের কোনটি আন্তর্জাতিক অভিগমনের যথার্থ কারণ—
i. অধিক উপার্জনের সুযোগ
ii. চাকরির সুযোগ
iii. অধিক ভোগের ইচ্ছা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১০. বাংলাদেশে নগরায়নের হার দ্রুত বৃদ্ধি পেয়েছে—
ক ১৯৫১-৬১ খ ২০০১-১১
গ ১৯৭৪-৮১ ঘ ১৯০১-৪১

১১. ঢাকা মেগাসিটি। কিন্তু ঢাকা নগরবাসীকে প্রতিনিয়ত কোনো না কোনো সমস্যার সম্মুখীন হতে হয়—
i. যানজট ii. বিশুদ্ধ পানি সরবরাহ
iii. বর্জ্য নিষ্কাশন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১২. কোনটি প্রথম পর্যায়ের অর্থনীতিক কর্মকাণ্ড?
ক শিল্প খ কৃষি
গ চিকিৎসা ঘ শিক্ষকতা

১৩. মানুষের অভিযোজনের প্রথম পদক্ষেপ কোনটি?
ক বসতি স্থাপন খ নগর গঠন
গ পেশা নির্বাচন ঘ সরকার গঠন

১৪. পাহাড়ি অঞ্চলে বসতি গড়ে উঠতে পারে না কেন?
ক ভূমির বন্ধুরতা খ পানির প্রাচুর্য
গ যাতায়াতের সুবিধা ঘ যোগাযোগের কেন্দ্রস্থল

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও:**
শামীমের বাড়িটি আটতলা বিশিষ্ট অট্টালিকা। তার চাচাতো ভাই নিপুণের বাড়িটিও সুন্দর। নিপুণের বাড়িতে উঠানের একপাশে রান্নাঘর, শোবার ঘর অন্যপাশে আছে একটি পুকুর, যার পাশে রয়েছে গোয়ালঘর।

১৫. উদ্দীপকে শামীমের বাড়িটিতে কিসের বৈশিষ্ট্য ফুটে উঠেছে?
ক গ্রামীণ বসতির খ পৌর বসতির
গ শহরের বসতির ঘ বিক্ষিপ্ত বসতির

১৬. নিপুণের বাড়ির ক্ষেত্রে কোনটি সঠিক?
ক গ্রামে অবস্থান খ নগরে অবস্থান
গ পৌর এলাকায় অবস্থান
ঘ পৌরসভায় অবস্থান

১৭. পুঞ্জিভূত বসতির বৈশিষ্ট্য নয় কোনটি?
ক বাসগৃহের একত্রে সমাবেশ
খ ছড়িয়ে ছিটিয়ে থাকা বসতি
গ উন্নত যোগাযোগ ব্যবস্থা
ঘ বৃহৎ আকৃতির বসতি

Teachingbd.com

১৮. সাজিদ একটি পত্রিকা পড়ে জানতে পারল যে ঢাকা শহর ও বাংলাদেশের অন্যান্য বড় নগরগুলোতেও পানি ও পয়ঃনিষ্কাশন সমস্যা মারাত্মক আকার ধারণ করেছে। নগরের এ সমস্যার কারণ হিসেবে বলা যায়—
i. অতিরিক্ত জনসংখ্যা
ii. নগরে বৃষ্টিপাত বেশি হয়
iii. বিভিন্ন খাল, নদী ও পুকুর ভরাট হয়ে যাওয়ায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৯. বাংলাদেশের কোন নগরটি প্রশাসনিক নগর?
ক ঢাকা খ চট্টগ্রাম
গ খুলনা ঘ বরিশাল

২০. ২০১১ সালে আদমশুমারি অনুসারে বাংলাদেশের জনসংখ্যা ছিল—
ক ৭ কোটি ৯৮ লক্ষ ৬৩ হাজার
খ ৭ কোটি ৬৩ লক্ষ ৯৮ হাজার
গ ১৪ কোটি ৯৭ লক্ষ ৭১ হাজার
ঘ ১৬ কোটি প্রায়

২১. ২০১১ সালের আদমশুমারি হিসেবে ঢাকা জেলায় সর্বত্র জনসংখ্যার ঘনত্ব প্রতি বর্গকিলোমিটারে কতজন?
ক ৫৮৮৬ জন খ ৮২৩২ জন
গ ৪৩১০ জন ঘ ১৫০০ জন

২২. পৃথিবীর প্রথম ও দ্বিতীয় গম উৎপাদনকারী দেশ হলো—
ক ভারত ও জাপান খ চীন ও ভারত
গ ভারত ও রাশিয়া
ঘ আমেরিকা যুক্তরাষ্ট্র ও ফ্রান্স

২৩. গবাদি পশুপালনে বিশ্বে প্রথম হলো—
ক চীন খ ভারত
গ ব্রাজিল ঘ যুক্তরাষ্ট্র

২৪. ইউরোপের বাজারে কোন মাছের চাহিদা খুব বেশি?
ক ম্যাকায়েল খ সার্ডিন
গ হেরিং ঘ পিলচার্ড

নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও:

এশিয়ার অনেক দেশে ধান প্রধান খাদ্যশস্য এবং উৎপাদনও হয় অনেক। ধান ও গম উভয়েরই খাদ্য হিসেবে বেশ চাহিদা রয়েছে। অবশ্য রপ্তানি বাণিজ্যে গমই এগিয়ে থাকে।

২৫. উদ্দীপক অনুসারে অর্থনৈতিক গুরুত্বের দিক থেকে নিচের কোনটি অধিক সঠিক?
ক গমের স্থান ধানের পরে
খ গমের স্থান ধানের আগে
গ ধান ও গম উভয়ই সমান
ঘ মূলত ধানের গুরুত্ব নেই

২৬. উদ্দীপকের শেষ বাক্যের আলোকে নিচের কোনটি সর্বাধিক গ্রহণযোগ্য?
ক ধান উৎপাদনকারী দেশসমূহের চাহিদা বেশি
খ ধান উৎপাদনকারী দেশসমূহে গমের চাহিদা বেশি
গ গম উৎপাদনকারী দেশসমূহে বাণিজ্য সুবিধা বেশি
ঘ ধান উৎপাদনকারী দেশসমূহে বাণিজ্য সুবিধা সীমিত

২৭. গম উৎপাদনের জন্য কোন ধরনের জলবায়ু উপযোগী?
ক উষ্ণ জলবায়ু খ নাতিশীতোষ্ণ জলবায়ু
গ মৃদু শীতল জলবায়ু ঘ শীতল জলবায়ু

২৮. গবাদি পশুপালনে বিশ্বে প্রথম হলো—
ক চীন খ ভারত
গ ব্রাজিল ঘ পাকিস্তান

২৯. আধুনিক কৃষি ব্যবস্থায় ব্যবহৃত হয়—
i. কাঠের লাঙল ও পশু
ii. পাওয়ার টিলার ও হারভেস্টার
iii. বুলডোজার ও পাওয়ার পাম্প
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩০. নিচের কোনটি বাগিচা কৃষি?
ক রাবার ও চা খ ধান ও পাট
গ গম ও চা ঘ তরমুজ ও বেগুন

৩১. অজৈব খনিজ হলো—
ক কয়লা ও খনিজ তেল খ লোহা ও সীসা
গ কয়লা ও নিকেল
ঘ প্রাকৃতিক গ্যাস ও কয়লা

৩২. বাংলাদেশের প্রধান কয়লা ক্ষেত্র কোনটি?
ক জামালগঞ্জ খ দিঘীপাড়া
গ বড় পুকুরিয়া ঘ খালাসপীর

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩৩ ও ৩৪ নং প্রশ্নের উত্তর দাও:

বিশুদ্ধ লোহার পরিমাণ ৬৯%-৭০% → [?] ← লাল রঙের আকরিক সহজে নিষ্কাশনযোগ্য।

৩৩. উদ্দীপকের '?' চিহ্নিত ঘরে নিচের কোনটি প্রযোজ্য?
ক সিডেরাইট খ লিমোনাইট
গ হেমাটাইট ঘ ম্যাগনেটাইট

৩৪. উক্ত ধাতুটির অন্যতম বৈশিষ্ট্য হলো—
ক বহুল ব্যবহৃত খ সর্বাধিক উৎকৃষ্ট
গ সর্বপেক্ষা নিকৃষ্ট
ঘ লৌহের পরিমাণ সর্বাধিক

৩৫. কোন দেশ লৌহ ও ইস্পাত শিল্পে প্রথম?
ক আমেরিকা যুক্তরাষ্ট্র খ চীন
গ জাপান ঘ রুশ ফেডারেশন

উত্তর

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | ক | ৩ | গ | ৪ | খ | ৫ | গ | ৬ | গ | ৭ | খ | ৮ | গ | ৯ | ঘ | ১০ | গ | ১১ | ঘ | ১২ | খ | ১৩ | ক | ১৪ | ক | ১৫ | গ | ১৬ | ক | ১৭ | ঘ | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | গ |
| ২১ | খ | ২২ | ঘ | ২৩ | গ | ২৪ | গ | ২৫ | খ | ২৬ | গ | ২৭ | খ | ২৮ | ঘ | ২৯ | গ | ৩০ | ক | ৩১ | ঘ | ৩২ | গ | ৩৩ | গ | ৩৪ | ক | ৩৫ | খ | | | | | | | | | | |

http://teachingbd.com